গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৯২/২০১৯-২০২০
ঢাকা, ২৯ অক্টোবর মঙ্গলবার ২০১৯, ১৩ কার্তিক ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। আজারবাইজান সফর নিয়ে প্রধানমন্ত্রীর সংবাদসম্মেলন আজ
২। গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ আইন ২০১৯ এর খসড়ার চূড়ান্ত অনুমোদন মন্ত্রিসভায়
আগামী বছর সরকারি ছুটি ২২দিন
৩। ১৯৭২ সালের মন্ত্রিসভা বৈঠকের কার্যবিবরণী গ্রহণ প্রধানমন্ত্রীর
৪। বিকল্প রেখে ফিটনেস বিহীন গাড়ির বিরুদ্ধে অভিযান : সেতুমন্ত্রী
৫। স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে তবলীগ জামাতের দুটি পক্ষের বৈঠক : এবারও বিশ্ব এজতেমা হবে দুই পর্বে
৬। ঢাকায় ৮ম রেডিও এশিয়া সম্মেলন : সংবাদসম্মেলনে তথ্যমন্ত্রী
৭। রেলের ২০০ কোচ ক্রয়ে ৯২৭ কোটি টাকার ঋণ অনুমোদন
৮। সিঙ্গেল ডিজিট ও সরল সুদহার বাস্তবায়ন হবেই : অর্থমন্ত্রী
৯। ২০২১ সালের মধ্যে বাংলাদেশ মধ্যম আয়ের দেশ হবে : রোমে পররাষ্ট্রমন্ত্রী
১০। এসডিজি বাস্তবায়নে সরকার প্রতিজ্ঞাবদ্ধ : পরিকল্পনামন্ত্রী
১১। ঢাকা-মদিনা রুটে বিমানের প্রথম উড়োজাহাজ গাঙচিল চালু
১২। পবিত্র ঈদে মিলাদুন্নবীর (সা.) তারিখ নির্ধারণে জাতীয় চাঁদ দেখা কমিটির সভা আজ

চলমান পাতা-২

**১। আজারবাইজান সফর নিয়ে প্রধানমন্ত্রীর সংবাদসম্মেলন আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সদ্য সমাপ্ত আজারবাইজান সফর সম্পর্কে সংবাদসম্মেলনে বক্তব্য রাখবেন। আজ বিকেল ৪টায় গণভবনে এ সংবাদসম্মেলন অনুষ্ঠিত হবে। গতকাল (২৮ অক্টোবর সোমবার) প্রধানমন্ত্রীর প্রেস সচিব গণমাধ্যমকে এ তথ্য জানান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ১২০টি উন্নয়নশীল দেশের ফোরাম নন-অ্যালাইনড মুভমেন্ট (ন্যাম) সম্মেলনের ১৮তম সম্মেলনে যোগ দিতে গত ২৪ অক্টোবর থেকে ২৭ অক্টোবর পর্যন্ত আজারবাইজান সফর করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **সমকাল** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**২। গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ আইন ২০১৯ এর খসড়ার চূড়ান্ত অনুমোদন মন্ত্রিসভায়**
**আগামী বছর সরকারি ছুটি ২২দিন**

গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ আইন-২০১৯ এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রীসভা। এছাড়া আগামী বছর সাধারণ ও নির্বাহী আদেশে মোট ২২ দিন সরকারি ছুটি থাকবে। গতকাল (২৮ অক্টোবর সোমবার) মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে ২০২০ খ্রিষ্টাব্দের ছুটির তালিকা অনুমোদন দেওয়া হয়। বৈঠকে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বৈঠক শেষে সচিবালয়ে এক প্রেস ব্রিফিংয়ে মন্ত্রিপরিষদ সচিব সাংবাদিকদের জানান, জাতীয় দিবস ও বিভিন্ন সম্প্রদায়ের গুরুত্বপূর্ণ ধর্মীয় দিবসে ১৪ দিন সাধারণ ছুটি থাকবে। সাধারণ ছুটির মধ্যে তিন দিন সাপ্তাহিক ছুটির দিন পড়েছে। এ ছাড়া বাংলা নববর্ষ ও বিভিন্ন গুরুত্বপূর্ণ ধর্মীয় দিবসে আট দিন নির্বাহী আদেশে ছুটি থাকবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

**৩। ১৯৭২ সালের মন্ত্রিসভা বৈঠকের কার্যবিবরণী গ্রহণ প্রধানমন্ত্রীর**

১৯৭২ সালে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের তিন কপি কার্যবিবরণী প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে দেয়া হয়েছে। তৎকালীন বৈঠকগুলোর মূল ইংরেজি থেকে স্ক্যান করা এক কপি, এর নতুন ইংরেজি কপি এবং বাংলা অনুবাদ রয়েছে। এছাড়া মন্ত্রিপরিষদ বিভাগের গুরুত্বপূর্ণ সব কর্মকাণ্ডের চেক-লিষ্টের একটি কপিও প্রধানমন্ত্রীকে দেওয়া হয়েছে। গতকাল (২৮ অক্টোবর সোমবার) মন্ত্রিসভার নিয়মিত বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব সাংবাদিকদের এ তথ্য জানান। সূত্র-**সমকাল** (পৃ.১৭,ক.৫), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **নিউ এজ** (পৃ.১,ক.৪)।

**৪। বিকল্প রেখে ফিটনেস বিহীন গাড়ির বিরুদ্ধে অভিযান : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের গণপরিবহণে বিকল্প ব্যবস্থা রেখেই ফিটনেসবিহীন গাড়ির বিরুদ্ধে অভিযান শুরুর পক্ষে মত দিয়েছেন। তিনি বলেছেন, জনগণ যাতে দুর্ভোগে না পড়ে, সেদিকে খেয়াল রেখেই অভিযান চালাতে হবে। গতকাল (২৮ অক্টোবর সোমবার) সচিবালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি একথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৪)।

**৫। স্বরাষ্ট্রমন্ত্রীর সঙ্গে তবলীগ জামাতের দুটি পক্ষের বৈঠক : এবারও বিশ্ব এজতেমা হবে দুই পর্বে**

এবারও দুই পর্বে বিশ্ব এজতেমা অনুষ্ঠিত হতে যাচ্ছে। আগামী বছর ২০২০ সালের জানুয়ারিতে দুই দফায় তিন দিন করে ৬ দিন বিশ্ব এজতেমা অনুষ্ঠানের সিদ্ধান্ত নিয়েছে তবলীগ জামাতের বিবদমান দুটি পক্ষ। আগামী বছরের ১০ থেকে ১২ জানুয়ারি সাদবিরোধী মাওলানা জুবায়ের গ্রুপ এবং ১৭ থেকে ১৯ জানুয়ারি সাদপন্থী ওয়াসিফুল ইসলাম গ্রুপ বিশ্ব এজতেমায় নেতৃত্বে দেবে। গতকাল (২৮ অক্টোবর সোমবার) সচিবালয়ে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামালের সঙ্গে এক বৈঠকে এ সিদ্ধান্ত হয়। অনুষ্ঠানে ধর্ম প্রতিমন্ত্রী শেখ মোহাম্মদ আবদুল্লাহ উপস্থিত ছিলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৬), **যুগান্তর** (শেষ পৃ,ক.১)।

**৬। ঢাকায় ৮ম রেডিও এশিয়া সম্মেলন : সংবাদসম্মেলনে তথ্যমন্ত্রী**

ঢাকায় শুরু হচ্ছে অষ্টম রেডিও এশিয়া কনফারেন্স এবং রেডিও সং ফেস্টিভাল। 'রেডিও অল অ্যারাউন্ড আস : মোর দ্যান জাস্ট আ মিডিয়াম' প্রতিপাদ্য নিয়ে রাজধানীর ইন্টারকন্টিনেন্টাল হোটেলে তিন দিনের এ আসরের পর্দা উঠবে আজ (২৯ অক্টোবর মঙ্গলবার) সকাল ১০টায়। বাংলাদেশ বেতার ও বাংলাদেশ টেলিভিশনের সহায়তায় এশীয় প্রশান্ত অঞ্চলের বেতার ও টেলিভিশন সংস্থাগুলোর সম্মিলিত সংগঠন এশিয়া প্যাসিফিক ব্রডকাস্টিং ইউনিয়ন (এবিইউ) আয়োজিত এ সম্মেলনে বিভিন্ন দেশের ৬৩ জন প্রতিনিধি অংশ নিচ্ছেন। তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ গতকাল (২৮ অক্টোবর সোমবার) রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এক সংবাদসম্মেলনে এসব তথ্য জানান। এ সময় চলমান বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে দুটি উপকমিটির সভা সম্পর্কেও জানান তথ্যমন্ত্রী। অনুষ্ঠানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির সভাপতি অধ্যাপক মো. রফিকুল ইসলাম এর সভাপতিত্বে পররাষ্ট্র প্রতিমন্ত্রী মো. শাহরিয়ার আলম, তথ্য প্রতিমন্ত্রী ডা. মুরাদ হাসান, কমিটির প্রধান সমন্বয়ক ড. কামাল আবদুল নাসের চৌধুরীসহ দুই উপকমিটির সদস্যরা উপস্থিত ছিলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৮,ক.১)।

**৭।	রেলের ২০০ কোচ ক্রয়ে ৯২৭ কোটি টাকার ঋণ অনুমোদন**

বাংলাদেশ রেলওয়ের জন্য ২০০ টি এমজি যাত্রীবাহী কোচ আনতে ৯২৭ কোটি ৫১ লাখ টাকার ঋণ অনুমোদন করেছে স্ট্যান্ডিং কমিটি অন ননকনসেশনাল লোন। গতকাল (২৮ অক্টোবর সোমবার) কমিটির সভায় এ অনুমোদন দেয়া হয়। সভায় সভাপতিত্ব করেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.৬)।

**৮।	সিঙ্গেল ডিজিট ও সরল সুদহার বাস্তবায়ন হবেই : অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী  আ হ ম মুস্তফা কামাল বলেছেন, ব্যাংকগুলো বর্তমানে যে হারে সুদ আরোপ করছে তা অযৌক্তিক। এত বেশি হারে সুদ নিয়ে ব্যবসা করা যায় না। তাই সুদের হার সিঙ্গেল ডিজিটে নিয়ে আসার কথা হচ্ছে। একইভাবে সরল সুদহারের কথাও তুলে ধরে তিনি বলেন, সিঙ্গেল ডিজিট এবং সিম্পল রেট বা সরল সুদ হার বাস্তবায়ন হবেই। এটি সরকারের সিদ্ধান্ত। গতকাল (২৮ অক্টোবর সোমবার) শেরেবাংলানগরে অর্থমন্ত্রীর দপ্তরে মিডিয়াকে দেয়া এক সাক্ষাতে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২)।

**৯।	২০২১ সালের মধ্যে বাংলাদেশ মধ্যম আয়ের দেশ হবে : রোমে পররাষ্ট্রমন্ত্রী**

২০২১ সালের মধ্যে বাংলাদেশ মধ্যম আয়ের দেশ হবে। ২০৩০ সালের মধ্যে পেছনের সব লক্ষ্যমাত্রা অর্জন করবে বাংলাদেশ এবং ২০৪১ সালে বঙ্গবন্ধুর স্বপ্ন আমাদের স্বপ্নপূরণ হয়ে দেশটি হবে সোনার বাংলাদেশ। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন গত ২৭ অক্টোবর রোববার ইতালির রোমে স্থানীয় একটি হলে বিশ্ব সিলেট উৎসব অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১)।

**১০।	এসডিজি বাস্তবায়নে সরকার প্রতিজ্ঞাবদ্ধ : পরিকল্পনামন্ত্রী**

বর্তমান সরকার এসডিজি বাস্তবায়নে দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ উল্লেখ করে পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন এসডিজি হলো বিশ্বব্যাপী সার্বজনীন একটি চুক্তি। সারাবিশ্বে জলবায়ুর নেতিবাচক পরিবর্তন লক্ষ্য করছি, যা পৃথিবীর জন্য মারাত্মক হুমকিস্বরূপ। এ পরিবর্তন মোকাবিলার জন্য আমাদের টেকসই উন্নয়ন করতে হবে। জলবায়ু পরিবর্তনে বড় দেশগুলো যেসব প্রতিশ্রুতি দিয়েছিল তারা তা রক্ষা করেনি। কিন্তু আমরা এ কাজ করে যাব। গতকাল (২৮ অক্টোবর সোমবার) জাতীয় প্রেসক্লাবে আয়োজিত ‘এসডিজি অর্জনে চ্যালেঞ্জ’ শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন । সূত্র-**ইনকিলাব** (পৃ.৩,ক.৭), **ইনডিপেনডেন্ট** (পৃ.১১,ক.৫), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.২)।

**১১।	ঢাকা-মদিনা রুটে বিমানের প্রথম উড়োজাহাজ গাঙচিল চালু**

ঢাকা-মদিনা রুটে চালু হলো বিমানের প্রথম উড়োজাহাজ গাঙচিল। গতকাল বাংলাদেশ বিমানের ড্রিমলাইনার ‘গাঙচিল’ উড়োজাহাজটি ২৫৪ যাত্রী নিয়ে সৌদি আরবের মদিনার উদ্দেশে ঢাকা ত্যাগ করে। এছাড়া ৩১ অক্টোবর থেকে বিমানের চট্টগ্রাম-মদিনা-চট্টগ্রাম রুটে নিয়মিত ফ্লাইট শুরু হবে। ঢাকা-মদিনা রুটে ফ্লাইট প্রাথমিকভাবে প্রতি সপ্তাহে তিন দিন সোম, বুধ ও শনিবার এবং চট্টগ্রাম-মদিনা-চট্টগ্রাম ফ্লাইট চলবে বৃহস্পতিবার। গতকাল (২৮ অক্টোবর সোমবার) ঢাকা-মদিনা ফ্লাইট উদ্বোধন করেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন প্রতিমন্ত্রী মাহবুব আলী। সূত্র-**সংবাদ** (শেষ পৃ, ক.১), **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭, **নিউজ টুডে** (পৃ.২,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫)।

**১২।	পবিত্র ঈদে মিলাদুন্নবীর (সা.) তারিখ নির্ধারণে জাতীয় চাঁদ দেখা কমিটির সভা আজ**

১৪৪১ হিজরি সনের পবিত্র ঈদে মিলাদুন্নবীর (সা.) তারিখ নির্ধারণ এবং পবিত্র রবিউল আউয়াল মাসের চাঁদ দেখতে আজ (২৯ অক্টোবর মঙ্গলবার) সন্ধ্যায় বৈঠকে বসতে যাচ্ছে জাতীয় চাঁদ দেখা কমিটি। ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মোকাররম সভাকক্ষে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করবেন ধর্ম প্রতিমন্ত্রী ও জাতীয় চাঁদ দেখা কমিটির সভাপতি অ্যাডভোকেট শেখ মো আবদুল্লাহ। ইসলামিক ফাউন্ডেশনের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৮), **নিউজ টুডে** (পৃ.২,ক.৪), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, যুগান্তর :** পোলট্রি শিল্প নিয়ে বিভিন্ন রকম গুজব এ খাতের ক্ষতি করছে উল্লেখ করে এখাতের নানাবিধ অপপ্রচার বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

খ. **যুগান্তর :** বারবার সিদ্ধান্ত নেয়ার পরও রাজধানীসহ সারাদেশের আবাসিক এলাকা থেকে বাণিজ্যিক প্রতিষ্ঠানগুলো সরিয়ে নেয়া হয়নি উল্লেখ করে এ ব্যাপারে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

গ. **সংবাদ :** সারাদেশে ২২৮টি পুলিশ ফাঁড়ি রয়েছে যেগুলো স্কুল-কলেজসহ অন্যান্য প্রতিষ্ঠানের ভবন থেকে কার্যক্রম পরিচালনা করছে উল্লেখ করে এগুলো দ্রুত অপসারণের ওপর গুরুত্বারোপ।

ঘ. **ভোরের কাগজ :** দেশের বিভিন্ন ক্লিনিক-হাসপাতালে ভুল চিকিৎসা বা চিকিৎসা অবহেলায় রোগীর মৃত্যুর খবর প্রায়ই পাওয়া যায় উল্লেখ করে চিকিৎসায় গাফিলতির প্রমাণ মিললে সংশ্লিষ্ট চিকিৎসকের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেওয়ার পরামর্শ।

ঙ. **ইনকিলাব :** ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের মিরসরাই ও জোরারগঞ্জ থানা এলাকায় ডাকাতি ছিনতাইয়ের ঘটনা বৃদ্ধি পেয়েছে উল্লেখ করে সড়ক-মহাসড়কে নিরাপত্তা নিশ্চিতে দৃষ্টি দেওয়ার সুপারিশ।

চ. **অবজারভার, ইনডিপেনডেন্ট :** পেঁয়াজের অস্বাভাবিক মূল্যবৃদ্ধিতে উদ্বেগ প্রকাশ করে মূল্যবৃদ্ধি রোধে কার্যকর পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'সোনালি ব্যাগে সোনালি স্বপ্ন'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, পাটের তৈরি সোনালি ব্যাগ বাংলাদেশের অপ্রতিরোধ্য অগ্রযাত্রায় নতুন এক সংযোজন।

#

ডালিয়া/মরজিনা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা